কোস্ট ট্রাস্ট

৮২তম বোর্ড অব ট্রাস্টি সভার কার্যবিবরণী, তারিখ: ৪ এপ্রিল, ২০১৪, স্থান: কোস্ট প্রধান কার্যালয়, শ্যামলী, ঢাকা।

অংশগ্রহনকারী সদস্যবৃন্দ

১. বেগম শামসুন নাহার, চেয়ারপার্সন
২. অধ্যক্ষ মাকসুদুর রহমান, ভাইস-চেয়ারপার্সন
৩. এম জহিরুল আলম এফসিএ, কোষাধ্যক্ষ
৪. ড. তোফায়েল আহমেদ, সদস্য
৫. মিনার মনসুর, সদস্য
৬. রেজাউল করিম চৌধুরী, সচিব (নির্বাহী পরিচালক, কোস্ট)

আলোচ্যসূচিঃ

১. গত সভার বোর্ড অব ট্রাস্টি (বিওটি) ও অডিট কমিটির কার্যবিবরণী পর্যালোচনা
২. মামলা প্রতিবেদন
৩. ডোনার প্রকল্প প্রতিবেদন
৪. কক্সবাজার অঞ্চলের নতুন অফিস ভাড়া ও হস্তান্তর
৫. মাক্রোফাইনান্স ট্রেন্ড বিশ্লেষন
৬. বিবিধ

সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। গুরুত্বপুর্ণ আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

১. গত সভার বোর্ড অব ট্রাস্টি (বিওটি) ও অডিট কমিটির কার্যবিবরণী পর্যালোচনা

ক. বোর্ড ড: আব্বাস ভুইয়ার চলে যাওয়া উপলক্ষে একটি নৈশ ভোজের আয়োজন করার জন্য বোর্ডের সচিবকে অনুরোধ করেন। এসময় কোস্ট ট্রাস্টের সার্বিক অগ্রগতির জন্য ড: আব্বাস ভুইয়ার গুরুত্বপূর্ণ অবদানকে স্মরন করে এবং তার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে।
খ. বোর্ডের পরবর্তি সভায় শাখাভিত্তিক বকেয়ার তথ্য উপস্থাপনার জন্য বলা হয়। এডি-সিপি তা উপস্থাপন করবেন।
গ. সভায় সকল সদস্যদের উপস্থিতি না থাকায় পরবর্তি সভায় এবং সকল সদস্যের উপস্থিতি থাকা সাপেক্ষে বোর্ডের নতুন সদস্য নেয়ার ব্যাপারে আলোচনার সিদ্ধান্ত হয়।
ঘ. সভায় সচিব অবহিত করেন যে, বোরহানউদ্দিন শাখার ২০% অব্যহৃত অংশ বিক্রয় করে বিক্রয় অর্থ দিয়ে ভোলা শহরে সংস্থার নিজস্ব জায়গায় প্রশিক্ষন কেন্দ্র তৈরির জন্য সিদ্ধান্ত গ্রহন করা হয়। বোর্ড সচিবকে বরিশাল অঞ্চলে কর্মসূচি সম্প্রসারন করার জন্য অনুরোধ করেন।
ঙ. বোর্ডের সহ-সভাপতির অনুরোধে বোর্ডের পরবর্তি (৮৩তম) সভা সংস্থার ভোলা অঞ্চলে আয়োজন করার জন্য সিদ্ধান্ত হয়।
চ. সংস্থার কক্সবাজার অঞ্চলে নিজস্ব জমিতে প্রশিক্ষন কেন্দ্র নির্মানের পরিকল্পনা করার জন্য বোর্ড সচিবকে অনুরোধ করে। এ ব্যাপারে প্রয়োজনীয় তহবিল সংগ্রহের জন্য বলা হয়। এক্ষেত্রে সম্ভাব্য ডোনার হিসেবে জাপান সরকার এবং মুসলিম এইড-এর সহিত যোগাযোগ করা যেতে পারে।
ছ. ড: তোফায়েল আহমেদ (সদস্য) ,দেশি ও বিদেশি সংস্থার অভিজ্ঞতা নিয়ে সংস্থার কৌশলগত পরিকল্পনা (২০১৪-২০১৯) প্রনয়নের জন্য প্রস্তাব করেন এবং বোর্ড এতে সম্মতি জ্ঞাপন করেন।
জ. এলাকা ভিত্তিক রিস্ক বিশ্লেষন সাপেক্ষে ক্ষুদ্রঋণ কর্মসূচি বাস্তবায়ন ও পরবর্তি পরিকল্পনা করার জন্য বলা হয়।
ঝ. ড: তোফায়েল আহমেদ (সদস্য) অবহিত করেন যে, ভবিষ্যতে বিধিবদ্ধ ব্যাংকগুলো এমএফ সংস্থাগুলোকে মাঠ পর্যায়ে তাদের কার্যক্রম পরিচালনার জন্য এজেন্সি লাইসেন্স প্রদান করতে পারে তাই এ ব্যাপারে কোস্ট-কে এ বিষয়ে যোগাযোগ রাখার জন্য বলা হয়।
ঞ. সংস্থা সম্পর্কে ডোনার এবং অন্যান্য স্টেক হোল্ডারকে অবহিত করার জন্য নিয়মিত সংক্ষিপ্ত প্রতিবেদন তৈরি করার জন্য বোর্ড সচিবকে পরামর্শ দেন।
ট. সভায় সচিব ৫ম বিওটি অডিট কমিটি সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। সভায় নিম্নোক্ত আলোচনা হয়,
  - সংস্থা মোবাইল ব্যাংকিংকে ক্ষুদ্রঋণ গ্রাহকদের কাছে পৌছানোর জন্য কাজ করছে।
  - ডিজিটাল পাশবই সদস্য পর্যায়ে দেওয়ার ব্যাপারে কেওসো বিশ্ববিদ্যালয়, জাপান-এর সাথে যোগাযোগ করা হচ্ছে।

- নির্বাহি পরিচালক পর্যায় থেকে কক্সবাজার সদর-২ শাখার মামলার ব্যাপারে সার্বক্ষনিক যোগাযোগ রাখা হচ্ছে, পাশাপাশি অভিযুক্তদের সাথে আত্মসাতকৃত টাকা আদায়ের ব্যাপারে আলোচনা হচ্ছে।
- আভ্যন্তরীন অডিট বিভাগ মাঝে মাঝে ফলোআপ অডিট সম্পাদন করবেন।
- রিস্ক ফেক্টর বিবেচনা করে এমএফ শাখাগুলোকে সাজাতে হবে এবং অগ্রাধিকার ভিত্তিতে অডিট করতি হবে।
- উপ-পরিচালক-এফসি এন্ড সিএ সকল শাখার ব্যাংক রিকনসিলিয়েশন প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে তৈরি করবেন।
- পরিচালক সংস্থার কুঋণ আদায়ের উপর একটি প্রতিবেদন উপস্থাপন করেন। সেখানে দেখা যায় যে, ভোলা এবং কক্সবাজারে কুঋণের পরিমান অন্যান্য অঞ্চলের তুলনায় বেশি। তাই এ দু'টি অঞ্চলে কুঋণ আদায়ের তৎপরতা জোরদার করতে হবে।

২. **মামলা অগ্রগতি প্রতিবেদন**: পরিচালক সভায় মামলার একটি প্রতিবেদন পেশ করেন। তিনি উল্লেখ করেন যে বর্তমানে সংস্থায় ৩০টি মামলা আছে এবং ফেব্রুয়ারি ২০১৪ পর্যন্ত মোট ৭.৫০লক্ষ টাকা আদায় হয়েছে যার বিপরীতে ৩.৫০লক্ষ টাকা ব্যয় হয়েছে। মামলাগুলো পরিচালক ও নিবাহী পরিচালক সরাসরি তদারকি করছেন।

৩. **ডোনার প্রকল্প প্রতিবেদন:** সভায় পরিচালক জানান যে, বর্তমানে সংস্থায় ৯টি প্রকল্প পরিচালিত হচ্ছে, যাদের অনুমোদিত তহবিলের পরিমান ২১.৫০ কোটি টাকা। উক্ত টাকার বিপরীতে ৮.২০ কোটি টাকা গ্রহন করা হয়েছে এবং খরচের পরিমান ৯১%।

৪. **কক্সবাজার অঞ্চলের নতুন অফিস ভাড়া ও হস্তান্তর**: বোর্ড কক্সবাজার অঞ্চলের অফিস নতুন ভবনে স্থানান্তরের ব্যাপারে জানতে চাইলে পরিচালক জনান যে, বর্তমানে ১ম ও ২য় তলা নিয়ে অফিস পরিচালিত হচ্ছে এবং আগামী জুন'১৪ মাসে ৩য় তলা হস্তান্তর করা হবে।

৫. **মাক্রোফাইনান্স ট্রেন্ড বিশ্লেষন** : সহকারি পরিচালক-সিপি গত জুলাই'১৩ হতে ফেব্রুয়ারি'১৪ পর্যন্ত এফএফ কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করেন। সভা এমর্মে উল্লেখ করে যে, কক্সবাজার অঞ্চলের বকেয়া ঋণ আদায়ে বিশেষ গুরুত্ব দিতে হবে। ঋন আদায়ের হার বাড়ানোর ব্যাপারে বাস্তবভিত্তিক পদক্ষেপ গ্রহন করারজন্য বলা হয়।

৬. **বিবিধ** :
ক. সভায় সচিব জানান যে বিটিআরসি কক্সবাজারে কমিউনিটি রেডিও লাইসেন্স প্রদান করেছে। এখন আমরা ফ্রিকুয়েন্সি বরাদ্দের জন্য কাজ করছি।

খ. সভায় ড: তোফায়েল আহমেদ বলেন যে প্রকল্পগুলোর স্থায়ীত্বশীলতার জন্য কাজ করতে হবে। যাতে করে প্রকল্প বন্ধ হলেও এর কিছু কিছু কার্যক্রম কোস্ট পরিচালতি করে। তিনি অন্যান্য ট্রাস্টিদেরকে অনুরোধ করেন যেন তারা সংস্থার প্রকল্প পরিদর্শন করে তাদের মুল্যবান মতামত প্রদান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সবার সমাপ্তি ঘোষনা করেন।

প্রস্তুতকারী — অনুমোদনকারী

রেজাউল করিম চৌধুরী
সচিব-বোর্ড অব ট্রাস্টি, কোস্ট

৬এপ্রিল, ২০১৪

বেগম শামসুন নাহার
চেয়ারপার্সন-বোর্ড অব ট্রাস্টি, কোস্ট